



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০২৯.২৩.৩৪৬

তারিখঃ ৩০ মে ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়ঃ কর্মচারী নিয়োগের লক্ষ্যে নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষা অনুষ্ঠান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয় হতে ২০ মে ২০১৯ তারিখে ১৭.০০.০০০০.০১৬.১১.৩৭৩.১৮.৩২৪ নম্বর স্মারকে ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উল্লিখিত পদে আবেদনকারী প্রার্থীদের নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবেঃ

ক্রমিক	নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম
১	১৬ জুন ২০২৩ বিকাল ০৩.০০ টা হতে ০৪.০০ টা পর্যন্ত	ডাটা এন্ট্রি অপারেটর

২. পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

- নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষার প্রবেশপত্র <http://ecs.teletalk.com.bd> এই ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। সংশ্লিষ্ট প্রার্থীকে User ID এবং Password ব্যবহার করে প্রবেশপত্র Download পূর্বক রঙিন Print করে নিতে হবে;
- নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষার দিন অবশ্যই সাথে আনতে হবে। কারণ যাই হোক না কেন প্রবেশপত্র ব্যতিত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না;
- গ) পরীক্ষার্থীকে স্ব-স্ব জাতীয় পরিচয়পত্রের মূলকপি অবশ্যই সাথে আনতে হবে;**
- নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শুরুর পর কোন প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না;
- ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর এবং ইলেক্ট্রনিক কার্ড/ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষায় অসুদপায় অবলম্বন ও অসদাচরণের কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিস্কার করা হবে। প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে; এবং
- পরীক্ষা সংক্রান্ত তথ্য ও ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) পাওয়া যাবে।

খোরশেদ আলম

উপসচিব (জনবল ব্যবস্থাপনা)

ও

সদস্য-সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি